

ঢাকা শিক্ষার্থীদের ওপর জরিপ
**ডাকসু নির্বাচন চান বিশ্ববিদ্যালয়ের
৯৯ ভাগ শিক্ষার্থী**

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (ডাকসু) নির্বাচন চান বিশ্ববিদ্যালয়ের ৯৯ ভাগ শিক্ষার্থী। ক্যাম্পাসভিত্তিক মাসিক পত্রিকা 'অসময়ের কাগজ' পরিচালিত গবেষণা জরিপে এ তথ্য প্রকাশ করা হয়। গতকাল বৃহস্পতিবার ডাকসুর সবুজ চত্বরে 'ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী অধিকার মঞ্চ' আয়োজিত অনুষ্ঠানে জরিপের ফল প্রকাশ করা হয়। এরপরে ডাকসু নির্বাচনের দাবিতে বিক্ষোভ মিছিল করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয়ের ৩০ হাজারেরও অধিক শিক্ষার্থীর মধ্য থেকে বিভিন্ন বিভাগের ৩০০ শিক্ষার্থীকে নমুনা হিসেবে নিয়ে ৯টি প্রশ্নের মাধ্যমে এ জরিপ চালানো হয়। জরিপে দেখা গেছে, বিশ্ববিদ্যালয়ের ৯৯ ভাগ শিক্ষার্থী ছাত্রসংসদ সচন দেখতে চান। তারা মনে করেন, ছাত্র প্রতিনিধিত্ব নিশ্চিত করতে ছাত্রসংসদ সচনের বিকল্প নেই। তবে এদের মধ্যে ৯৮ ভাগ শিক্ষার্থী ছাত্রসংসদ নির্বাচনে ধর্মভিত্তিক ছাত্র সংগঠনের ভূমিকা থাকুক তা চান না। এ ছাড়া ডাকসু নির্বাচনে দলীয় লেঙ্কডব্লিউকারী সংগঠনের অংশগ্রহণ চান না ৯০ ভাগ শিক্ষার্থী। ডাকসু নির্বাচনের জন্য ক্যাম্পাসে সবগুলো ছাত্র সংগঠনের মুক্ত পরিবেশে রাজনৈতিক কর্মকাণ্ড চালানোর প্রয়োজন মনে করেন ৭৬ দশমিক ৬৭ ভাগ শিক্ষার্থী। যেসব ছাত্র সংগঠন ক্যাম্পাস ও হলে সম্মান, দখলদারিত্ব ও দলীয় লেঙ্কডব্লিউ করার ভায়ে নির্বাচনের অযোগ্য মনে করে ৯৫

দশমিক ৬৭ ভাগ শিক্ষার্থী। ডাকসু নির্বাচন নিয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনের অবহেলাকে সমর্থন করেন না ৮৬ ভাগ ছাত্রসংসদ নির্বাচনের উপযুক্ত পরিবেশ বিরাজ করছে বলে অভিযোগ দেন ৬৪ ভাগ। ২১ বছর ধরে নির্বাচন না হওয়ার জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন, দলীয় লেঙ্কডব্লিউকারী ছাত্র সংগঠন ও জাতীয় রাজনৈতিক দলগুলোকে দায়ী করেছে যৌথভাবে ৫৭ ভাগ শিক্ষার্থী। আর এ ক্ষেত্রে শুধু বিশ্ববিদ্যালয়কে দায়ী করেছে ১৩ ভাগ শিক্ষার্থী। দলীয় লেঙ্কডব্লিউকারী ছাত্র সংগঠনগুলোকে এককভাবে ১৩ ভাগ ও জাতীয় রাজনৈতিক দলগুলোকে দায়ী করেছে ৭ দশমিক ৬৭ ভাগ। গবেষণা জরিপের ফল প্রকাশের আগে বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের মাস্টার্সের ছাত্র নাদিম মাহমুদ বলেন, ডাকসু নির্বাচন ছাত্রদের পশতাত্তিক অধিকার। প্রশাসনের কর্তৃত্বাধিকার নিতিন টক-শোতে উল্টো ভালো কথা বলেন। তবে সেসব কথা শুধু নিজেদের জন্য গণতন্ত্রের জন্য নয়। যদি গণতন্ত্রের জন্য হতো তবে পাকিস্তানি বৈরশাসক ও দেশীয় বৈরশাসকদের কাছ থেকে যে ছাত্রসমাল বাংলাদেশের অধিকার ছিলিয়ে এনেছে তাদের অধিকারকে দমিয়ে রাখত না। তিনি আরও বলেন, আমাদের নিজেদের প্রয়োজনেই ডাকসু নির্বাচনের জন্য আন্দোলন করছি। অধিকার আদায়ের জন্য সাধারণ শিক্ষার্থীদের আন্দোলন করতে হচ্ছে। বিশ্ববিদ্যালয় ও ছাত্রসংগঠনগুলো নিজেদের যথেষ্ট সাধারণ শিক্ষার্থীদের নান্যভাবে গোষণ ও বঞ্চিত করেছে।